ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৪১
কৈলাসহর, ৮ আগস্ট, ২০২৫

**খেলাধুলার ক্ষেত্রে ত্রিপুরা বিশেষ সাফল্য দেখাচ্ছে ঃ ক্রীড়ামন্ত্রী**

বর্তমানে খেলাধুলার ক্ষেত্রে ত্রিপুরা বিশেষ সাফল্য দেখাচ্ছে। রাজ্যের খেলোয়াড়গণ বিভিন্ন জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ নিয়ে পদক জিতে আনছেন। খেলাধুলায় রাজ্য যে এগিয়ে যাচ্ছে এটা তারই নিদর্শন। আজ কৈলাসহর মহকুমার দেওড়াছড়া এডিসি ভিলেজে সিন্থেটিক ফুটবল মাঠ (এস্টো টার্ফ) এবং রাজ্যভিত্তিক অনূর্দ্ধ ১৫ বছর বালকদের সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় একথা বলেন। তিনি বলেন, এর আগে শুধুমাত্র আগরতলায় বড় ধরণের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হত। কিন্তু বর্তমান সরকার রাজ্যের প্রতিটি জেলায় খেলাধুলার বড় আসরের আয়োজন করছে। প্রত্যন্ত এলাকার প্রতিভাবান খেলোয়াড়রা যাতে উদ্বুদ্ধ হয় সেই লক্ষ্যে সমগ্র রাজ্যেই খেলাধুলার আসরের আয়োজন করা হচ্ছে। তিনি বলেন, রাজ্যের বর্তমান সরকার সবাইকে সমান সুযোগ দিতে বিশ্বাস করে। সবকা সাথ সবকা বিকাশ এই নীতি নিয়ে রাজ্য সরকার এগিয়ে চলেছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। স্বাগত বক্তব্য রাখেন জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা কেশব কর। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান লাকি পাল দাস, ঊনকোটি জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক অর্ঘ্য সাহা, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক বিপুল দাস, বিশিষ্ট সমাজসেবী জসেফ ডার্লং, ডার্লং সম্প্রদায়ের সমাজপতি নাইথিংগা ডার্লং প্রমুখ। উল্লেখ্য, রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জী কাপ ফুটবল প্রতিযোগিতা ১০ আগস্ট পর্যন্ত চলবে। এই প্রতিযোগিতার বিজয়ী দল দিল্লিতে অনুষ্ঠেয় জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশ নেবে। আজ উদ্বোধনী ম্যাচে খোয়াই জেলা ৩-১ গোলে সিপাহীজলা জেলাকে পরাজিত করেছে। এই প্রতিযোগিতায় ৯টি দল অংশ নিয়েছে। রাজ্যের ৮টি জেলা ছাড়াও ত্রিপুরা স্পোর্টস স্কুল এই প্রতিযোগিতায় অংশ নিয়েছে।

জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে সিন্থেটিক ফুটবল মাঠ (এস্টো টার্ফ) নির্মাণে ব্যয় হয়েছে ৫ কোটি ৩৬ লক্ষ ৫০ হাজার টাকা।

*******